



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



তারিখ : ০৯.০৫.২০২৪ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ শ্রেণীতে কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

চট্টগ্রাম কলেজ ২০২৩ - ২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে কোটায় ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিষয়ভিত্তিক মনোনীত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদেরকে আগামী ১৩.০৫.২০২৪ ও ১৪.০৫.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ০১:০০ টার মধ্যে মানবিক শাখার জন্য ইংরেজী বিভাগের সহযোগী অধ্যাপক জনাব সচিচিদানন্দ পাল এবং বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মহয়া রানী সাহা এর নিকট নিম্ন উল্লিখিত কোটার সনদপত্র সহ সাক্ষাৎকার প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

### ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা

- ১। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূলসনদ পত্র এবং ০৩ সেট ফটোকপি।
  - ২। আদিবাসী / দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী কর্মকর্তা / উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র এবং ০৩ সেট ফটোকপি।
  - ৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান ও সন্তানাদি পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে পোষ্য হিসেবে প্রমাণপত্র এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর থেকে পোষ্য হিসেবে মূল প্রত্যয়ন পত্র এবং ০৩ সেট ফটোকপি।
  - ৪। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোটা মেধা তালিকায় মনোনীত বিষয়ে প্রার্থীদেরকে কমিটির নিকট সাক্ষাৎকার দেয়ার পর জাতীয় বিশ্ববিদ্যালয় ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ওয়েব সাইট থেকে আবেদন ফরম পূরণ করে A4 সাইজের অফসেট 80gm সাদা কাগজে ভর্তির আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
  - ৫। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসাবে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে গিয়ে ইউজার আইডি ctgstudent এবং পাস ওয়ার্ড ctgstudent দিয়ে লগইন করে চট্টগ্রাম কলেজ অনলাইন ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
  - ৬। ভর্তি ফরমে উল্লিখিত ভর্তি ফি বিকাশ/নগদ/রকেট/উপায় অ্যাপস এর মাধ্যমে (এজেন্ট নম্বর: ০১৮১৪৬৬২৮২৯) ফি প্রদান করে ১৩.০৫.২০২৪ ও ১৪.০৫.২০২৪ খ্রি. মধ্যে ভর্তি প্রক্রিয়া সমাপ্ত করতে হবে।
  ৭. উভয় ভর্তি আবেদন ফরমের সাথে বিকাশ/রকেট/উপায়/নগদে টাকা পরিশোধের রসিদ, প্রাথমিক আবেদন ফরমের কপি (যা শিক্ষার্থীদের নিকট সংরক্ষিত আছে), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরফর্দ, প্রশংসাপত্র প্রত্যেকটি ০২ সেট সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে ০২ কপি সত্যায়িত ছবি সহ বিভাগে জমা দিতে হবে।
  ৮. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরফর্দ, ঠিকানা সম্বলিত একটি ১০ x ১৪ সাইজের বড় খামে করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
  ৯. বিষয় ভিত্তিক ভর্তির ফিস:
    - (ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান = ৫০১৫.০০
    - (খ) উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান = ৫৭৩৫.০০ (গ) পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, পরিসংখ্যান, জুগোল ও পরিবেশ = ৫৭৮৫.০০
    - (ঘ) প্রাণিবিজ্ঞান = ৫৬৮৫.০০ (ঙ) গণিত = ৫৮৩৫.০০
- অমুসলিম শিক্ষার্থীদের ৫০.০০ টাকা কম হবে।
- বি.দ্র.পূর্বে মেধাতালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী কোটায় ভর্তির সুযোগ পেলে তাকে নতুন করে ভর্তি ফি জমা করতে হবে না। কিন্তু তাকে পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম ডাউনলোড করে জমা দিয়ে নতুন রোল সংগ্রহ করতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

স্মারক নং: চক/এড/২০২২/.....

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হল :

১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুসরণ পূর্বক তাঁর বিভাগের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে প্রচার এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন পূর্বক প্রিন্ট আউটের কপি আগামী ১৬.০৫.২০২৪ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্য স্ব-স্ব ভর্তি কমিটিকে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল। ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি এবং তথ্য প্রদানের কোনরূপ ভুলত্রুটি হলে তার জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে।

৩. অফিস নথি।

প্রতিস্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নং-০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

(সচিচিদানন্দ পাল)

সহযোগী অধ্যাপক, ইংরেজী

ও

আহ্বায়ক

অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪

মানবিক

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

(মহয়া রানী সাহা)

সহযোগী অধ্যাপক, পরিসংখ্যান

ও

আহ্বায়ক

অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪

বিজ্ঞান

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।